



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

মূল্য সংযোজন কর।

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই মাঘ ১৪০৯/৩০শে জানুয়ারি ২০০৩

এস, আর, ও নং ৩০-আইন/২০০৩/৩৬৪-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়

(ক) বিধি ৪ এর—

(অ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা :

“(৬) তালিকাভুক্ত ব্যক্তি বিভাগীয় কর্মকর্তা বা সুপারিনটেনডেন্টের যে কোন আদেশের বা সিদ্ধান্তের বিরুদ্ধে আইনের ধারা ৪২ অনুযায়ী আপীল করিতে পারিবেন।” ;

(আ) উপ-বিধি (৭), (৮), (৯), (১০), (১১) ও (১২) বিলুপ্ত হইবে;

(ই) উপ-বিধি (১৩) এর “কমিশন বা” শব্দগুলি বিলুপ্ত হইবে এবং “বিভাগীয় কর্মকর্তা” শব্দগুলি, দুইবার উল্লিখিত, এর পরিবর্তে উভয়স্থানে “সুপারিনটেনডেন্ট” শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(খ) ফরম মুসক-১ এর

(অ) কলাম (৭) এ উল্লিখিত “কলাম (৫)” শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “কলাম (৬)” শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে ;

- (আ) কলাম (৯) এ উল্লিখিত "কলাম (৭)" শব্দ, সংখ্যা ও বন্ধনী "কলাম (৮)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে ;
- (ই) কলাম (১০) ও (১১) এ উল্লিখিত "কলাম (৬) ও (৭)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে "কলাম (৭) ও (৯)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে ;
- (ঈ) কলাম (১২) এ উল্লিখিত "কলাম (১০)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "কলাম (১১)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে ;
- (উ) কলাম (১৩) ও (১৪) এ উল্লিখিত "কলাম (১০) + (১১)", ও "কলাম (৬) + (৮)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "কলাম (১১) + (১২)" ও "কলাম (৭) + (৯)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং
- (গ) ফরম মূসক-১১ এর কলাম (৬) এ উল্লিখিত "কলাম (৩) + (৪)" শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলির পরিবর্তে "কলাম (৪) + (৫)" শব্দ, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আব্দুল কাফি

প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট) ।